



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

৩০ জুন, ২০২২

বাউবি উপাচার্যের এক বছর পূর্তিতে মতবিনিময় অনুষ্ঠান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর কার্যকাল এক বছর পূর্তিতে ‘ফিরে দেখা এক বছর’ মতবিনিময় সভা আজ ৩০ জুন, ২০২২ বৃহস্পতিবার বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। বঙ্গমাতা বেগম ফজিলাতুল্লাহ সন্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত এ মতবিনিময় সভার প্রধান বক্তা উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বাউবি পরিবারে সদস্য হিসেবে তাঁকে গ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন তথ্য প্রযুক্তি যে গতি ও প্রযুক্তিতে এগিয়ে যাচ্ছে আমাদেরকেও সেই গতিতে কাজের মাধ্যমে এগিয়ে যেতে হবে। এর জন্য ভালো টিম ওয়ার্ক ও গতি নিয়ে কাজ করতে হবে। এ জন্য প্রয়োজন ঐক্যবোধ। বাউবির আগামী ভবিষ্যৎ নির্মাণে টিমের মাধ্যমে টার্গেট ঠিক করে দ্রুত গতিতে সকলকে এগিয়ে যাওয়ার আহবান জানান। তিনি আরো বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নে শিক্ষার হার শত ভাগে এনে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন রূপকল্প ২০৪১ বাস্তবায়ন সম্ভব হবে।



ফিরে দেখা এক বছর মতবিনিময় অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এর সভাপতিত্বে মতবিনিময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল বক্তব্য রাখেন। এ সময় বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপাচার্যের “ফিরে দেখা এক বছর” এর ওপর আলোকপাত করেন। অনুষ্ঠানে বাউবির মূল ক্যাম্পাসে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণসহ উপস্থিত ছিলেন। এছাড়াও সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ অনুষ্ঠানে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

বউদ্দিন

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)